

B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : DSE-1

(উনিশ শতকের বাংলা কাব্য ও প্রবন্ধ)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) আখ্যানকাব্য কাকে বলে? যে-কোনো একটি আখ্যানকাব্যের উদাহরণ দাও।
- (খ) 'ত্রয়ীকাব্য' কোনগুলি? ত্রয়ী কাব্যের কবির নাম উল্লেখ করো।
- (গ) 'পদ্মিনী উপাখ্যান'—কে রচনা করেন? এর প্রকাশকালটি লেখো।
- (ঘ) প্রকাশকালসহ বিহারীলাল চক্রবর্তীর দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (ঙ) উনিশ শতকের একজন মহিলা কবির নাম লেখো। তাঁর একটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (চ) স্বামী বিবেকানন্দের দুটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।
- (ছ) 'স্বপ্নলব্ধ ভারতবর্ষের ইতিহাস'—কার লেখা? রচনাটির প্রকাশকাল উল্লেখ করো।
- (জ) 'স্বপ্নপ্রয়াণ' এবং 'অবকাশরঞ্জিনী'—রচনাদুটির প্রকাশকালসহ রচয়িতার নাম উল্লেখ করো।
- (ঝ) গিরীন্দ্রমোহিনী দাসী রচিত দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (ঞ) 'আলেখ্য' কার রচনা? রচয়িতার অন্য একটি কাব্য সংকলনের নাম লেখো।
- (ট) সংক্ষেপে 'এষা' কাব্যটির বিষয়বস্তু তুলে ধরো।
- (ঠ) সহমরণ প্রথার বিরোধিতা করে রামমোহন রায়ের লেখা দুটি প্রবন্ধের নাম লেখো।
- (ড) বঙ্কিমচন্দ্র রচিত দুটি সমাজসমস্যাশূলক প্রবন্ধের নাম লেখো। প্রবন্ধ দুটি কোন গ্রন্থের অন্তর্গত তা উল্লেখ করো।
- (ঢ) 'সোনার তরী'—কাব্য সংকলনটির প্রকাশকালটি লেখো। এই কাব্য সংকলনের অন্তর্গত দুটি কবিতার নাম উল্লেখ করো।
- (ণ) স্বর্ণকুমারী দেবী এবং গোবিন্দচন্দ্র দাসের একটি করে কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) সংক্ষেপে উনিশ শতকীয় গীতিকবিতার আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি লেখো।
- (খ) মানকুমারী বসুর গীতিকাবিক প্রতিভার মূল্যায়ন করো।
- (গ) গীতিকবি দেবেন্দ্রনাথ সেনের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) ভাবোচ্ছ্বাসবর্জিত, যুক্তিনির্ভরতা ভূদেব মুখোপাধ্যায়ের প্রবন্ধের প্রধান বৈশিষ্ট্য—আলোচনা করো।

✓(ঙ) রঙ্গলালের কাব্যে স্বদেশ প্রেমের সবিশেষ প্রকাশ ঘটেছে—মন্তব্যটির ইতিবাচকতা তুলে ধরো।

✓(চ) আখ্যানকাব্য রচয়িতা হিসেবে নবীনচন্দ্র সেনের মূল্যায়ন করো।

৩। (ক) অথবা (খ)-এর মধ্যে একটি এবং (গ) অথবা (ঘ)-এর মধ্যে একটি করে মোট দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

✓(ক) বাংলা আখ্যানকাব্য ধারায় হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের অবদান তুলে ধরো।

অথবা

(খ) উনিশ শতকের বাংলা আখ্যানকাব্যের ধারাটির উদ্ভবের প্রেক্ষাপট বিশ্লেষণ করো।

(গ) কামিনী রায়ের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।

অথবা

✓(ঘ) প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্তের প্রবন্ধগুলির বিশেষত্বের পরিচয় দাও।